# ‘পহেলা বৈশাখ-১৪৩১’ উদযাপন সংক্রান্ত বিজ্ঞপ্তি

০৮/০৪/২০২৪

বিদ্যালয়ের উভয় শিফটের শিক্ষার্থী, শিক্ষক ও অন্যান্য সকলকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) ৮/০৪/২০২৪ তারিখের পত্রে আগামী ১৪ এপ্রিল বাংলা নববর্ষ -১৪৩১ বিদ্যালয়ে উদযাপনের জন্য নির্দেশনা জারি করার প্রেক্ষিতে আগামী ১৪ এপ্রিল ২০২৪ তারিখ সকাল ১১:০০ টায় বিদ্যালয়ে বাংলা নববর্ষ ১৪৩১ সাড়ম্বরে উদযাপনের জন্য অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানমালায় বিদ্যালয়ের উভয় শিফটের শিক্ষার্থী, শিক্ষক ও অন্যান্য সকলকে যথাসময়ে উপস্থিত থাকতে নির্দেশ দেওয়া হলো।

বাংলা নববর্ষ ১৪৩১ উদযাপন অনুষ্ঠান আবশ্যিকভাবে ‘জাতীয় সংগীত ও এসো হে বৈশাখ’ গান পরিবেশনের মাধ্যমে শুরু হবে বিধায় বিদ্যালয়ের সাংস্কৃতিক অনুষ্ঠানে (সংগীত) অংশগ্রহণকারী ছাত্রদের নিচের শিক্ষকবৃন্দের সাথে যোগাযোগ করে তাঁদের নির্দেশনা মোতাবেক নির্ধারিত পোশাক পরিধান করে আগামী ১৪/০৪/২০২৪ তারিখ সকাল ১১:০০ টায় বিদ্যালয়ের অনুষ্ঠানমালায় উপস্থিত থাকতে নির্দেশ প্রদান করা হলো।

১) জনাব আনজুম আরা বেগম
২) জনাব নাসির উদ্দিন আহমেদ
৩) জনাব মাহাবুবুল আলম
৪) জনাব নিলুফা ইয়াসমিন
৫) জনাব প্রিয়াংকা দাস তৃষা

বর্ণিত শিক্ষকবৃন্দকে পরস্পরের সাথে এবং অংশগ্রহণকারী ছাত্রদের সাথে যোগাযোগ করে অনুষ্ঠানকে সফল করতে বিশেষভাবে অনুরোধ জানানো হলো। উল্লেখ্য, উভয় শিফটের সহকারী প্রধান শিক্ষকদ্বয় বিষয়টি সমন্বয় করবেন।

-প্রধান শিক্ষক